

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৯২

আগরতলা, ৮ ডিসেম্বর, ২০২০

রাজ্যের সার্বিক উন্নয়নে সরকার কাজ করছে : মুখ্যমন্ত্রী

রাজ্যের সার্বিক উন্নয়নে সরকার কাজ করছে। বর্তমান রাজ্য সরকার গঠিত হওয়ার পর থেকেই জন কল্যাণে ধারাবাহিকভাবে উন্নয়ন কর্মসূচি রূপায়ণ করছে। রাজ্য সরকারের এই সাফল্য নিয়ে আগামী ১৩ ডিসেম্বর দুপুর ২টায় স্বামী বিবেকানন্দ ময়দানে রাজ্যের সকল অংশের জনগণের সাথে এক মতবিনিময় সমাবেশে মিলিত হবেন মুখ্যমন্ত্রী। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনের মাধ্যমে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যের সকল অংশের জনগণকে স্বামী বিবেকানন্দ ময়দানে উপস্থিত থাকার আহ্বান জানিয়েছেন। সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী আরও বলেন, বর্তমান রাজ্য সরকার গঠন হওয়ার পর থেকে শিক্ষা, পরিকাঠামো, স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা, স্মার্ট সিটি, সার্বমে বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন, আধুনিক ইন্টিগ্রেটেড চেকপোস্ট নির্মাণ সহ প্রতিটি সেক্টরে উন্নয়ন হচ্ছে। এছাড়াও রেগায় ও কৃষিক্ষেত্রের অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান রাজ্য সরকারের মূল লক্ষ্য হলো জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে জনগণের উন্নয়নে কাজ করা। রাজ্যে বিগত ৪০ বছর ধরে যে ব্যবস্থা ছিলো সেটা পরিবর্তন করেই রাজ্য সরকার নতুন এক দিশা নিয়ে কাজ করছে। বর্তমান রাজ্য সরকার রাজ্যে কোনও ধরনের অপরাধমূলক কাজের সঙ্গে আপোস করবে না। রাজ্যের জনগণের সার্বিক বিকাশই হচ্ছে রাজ্য সরকারের মূল লক্ষ্য।

সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী চাকরিচ্যুত ১০,৩২৩ শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, রাজ্য সরকার সম্প্রতি বিভিন্ন পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। ঐ সমস্ত পদে চাকরি পাওয়ার জন্য আপনারাও প্রস্তুতি নিন।
